সংবাদ

তারিখ 23 NOV 2016
পৃষ্ঠা ৫ কলাম ৩

# ইবি দিবস উদ্‌যাপন

প্রতিনিধি, ইসলামী বিশ্ববিদ্যালয়

জমকালো আয়োজনের মধ্য দিয়ে মঙ্গলবার পালিত হয়েছে ৩৮তম ইসলামী বিশ্ববিদ্যালয় দিবস। বিশ্ববিদ্যালয় দিবস উপলক্ষে শোভাযাত্রা, আলোচনাসভা, সাংস্কৃতিক অনুষ্ঠানসহ বিভিন্ন কর্মসূচি পালনের মধ্য দিয়ে উদযাপিত হয়েছে দিবসটি।

ক্যাম্পাস সূত্রে জানা গেছে, জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলনের মধ্য দিয়ে সকাল সাড়ে ৮টায় শুরু হয়েছে ইসলামী বিশ্ববিদ্যালয়ের ৩৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উদ্‌যাপন। মঙ্গলবার সকাল সাড়ে ৮টায় প্রশাসন ভবন চত্বরে উপাচার্য অধ্যাপক রশিদ আসকারী জাতীয় পতাকা ও উপ-উপাচার্য অ্যাদাপক মো: শাহিনুর রহমান বিশ্ববিদ্যালয়ের পতাকা উত্তোলন করেন। সকাল ৯টায় আবাসিক হলগুলোতে প্রাধ্যক্ষের নেতৃত্বে জাতীয় পতাকা ও বিশ্ববিদ্যালয় পতাকা উত্তোলন করেছেন। পরে সকাল ১০টায় প্রশাসন ভবন চত্বরে বেলুন এবং শান্তির প্রতীক পায়রা উড়িয়ে আনন্দ শোভাযাত্রা উদ্বোধন করেন উপাচার্য। উপচার্য ও উপাচার্যের নেতৃত্বে শোভাযাত্রাটি বিশ্ববিদ্যালয়ের প্রশাসন ভবন চত্বর থেকে শুরু হয়ে বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান মিলনায়তনে গিয়ে আলোচনা সভা ও সাস্কৃতিক অনুষ্ঠানে মিলিত হয়। শোভাযাত্রায় সকল বিভাগ ও হলসমূহের শিক্ষক-শিক্ষার্থীদের সরব উপস্থিতিতে ক্যাম্পাসে ব্যাপক জমায়েতের সৃষ্টি হয়।